The auction will be conducted as per the provisions of the Insolvency and Bankruptcy Board of India (Liquidation Process) Regulations, 2016. The prospective bidder is required to note that the sale shall be at the sole discretion of the Liquidator, basis review of the credentials of the prospective bidder, and shall be as per the terms and conditions laid down in the Process Document, this Public Announcement, the Insolvency and Bankruptcy Code, 2016 ("Code"), the relevant regulations thereunder. The Liquidator reserves the right to amend and/or annul this invitation including any timelines or the process therein, without giving reasons, at any time without assigning any reason or assuming any liability or costs. Any such amendment in the invitation, including the aforementioned timelines, shall be notified on the website of the Corporate Debtor

Sd/-
Mr. Pankaj Dhanuka,
Liquidator of Lanco Kondapalli Power Limited
Registration Number: IBBI/IPA-001/IP/P-01205/2018-2019/11911
Address: Deloitte India Insolvency Professionals LLP, One International Center, 27th Floor, Tower 3, Senapati Bapat Marg, Elphinstone (W), Mumbai, Maharashtra, 400013.
Date: 21 September, 2021
Place: Kolkata

From the Front Page

Markets reel ahead of US Fed meeting

"Indian markets finally seem to be taking a small pause, largely driven by nervousness in the global markets," said Milind Muchhala, executive director, Julius Baer.

"Two key factors playing on the minds of global investors include the upcoming Fed meeting and the uncertainty building up in the Chinese real estate market due to stress on one of the major property players in the country," he added.

While the markets are keenly awaiting clarity on Fed's taper plans in terms of timelines and quantum, we believe it may give an advance notice on tapering in this week's meeting, followed by a formal announcement at the following meeting in November, he stated.

S Ranganathan, Head of Research at LKP Securities, said, "As global markets corrected fearing the contagion around the Chinese developer, risk aversion was seen across markets. Barring the FMCG pack, the market breadth was extremely weak with sectoral indices trading in the red."

Sectorally, BSE metal, basic materials, realty, power and utilities indices tanked up to 7.19%, while FMCG closed with gains.

Broader BSE midcap and smallcap indices plunged as much as 1.84%.

Elsewhere in Asia, Hang Seng ended over 3% lower, dragged by Evergrande which plummeted to more than 10-year lows. Bourses in China, Japan and South Korea were closed for holidays.

Stock exchanges in Europe were also trading with steep losses in mid-session deals.

All eyes are on the US Federal Reserve's policy meeting beginning Tuesday. A total of 16 central banks are slated to hold meetings this week, including those in the UK and Japan.

Meanwhile, international oil benchmark Brent crude fell 1.92% to $73.89 per barrel.

The Indian rupee skidded 26 paise to close at 73.74 against the US dollar on Monday, tracking a strong American currency in the overseas market.

CARS24 now valued at $1.84 bn

"With the latest investment, CARS24 will expand its global presence as well as further build its cars, bikes and financing business in India, while continuing to invest in technology that delivers the best customer experience possible," the statement said.

CARS24 has clocked more than 13 million monthly traffic and over 4 lakh transactions till date. It has also procured a non-banking financial company (NBFC) license and launched consumer lending business with CARS24 Financial Services and two-wheeler segment, BIKES24.

It is backed by marquee investors like Sequoia India, SoftBank, Falcon Edge, Exor Seeds, DST Global, Kingsway Capital, Unbound, Moore Strategic Ventures and KCK.

The company has previously raised close to $400 million, including $200 million in series E round announced in November last year.

Vikram Chopra, co-founder and CEO of CARS24 said the six-year old company has closed "its largest round of funding to date".

"Traditionally, car selling or buying have been a tiresome process, and only 2 of 100 people own cars in India. However, over the last six years, we have been working continuously towards fulfilling the dreams of many Indians to own a car by transforming the customer's journey-'the CARS24 way' that is hassle-free, safe and transparent," he said.

With this investment, CARS24 will continue to penetrate into existing car, bikes and financing business in India while venturing into new overseas geographies this year, he added.

The funding comes just months after CARS24's expansion into the UAE and Australian markets. The company has already sold over 1,000 cars in the UAE since the launch of its operations in April this year.

CARS24 also officially announced its launch with a new campaign last week in Australia.

Rahul Mehta, Managing Partner at DST Global, said CARS24 is at the forefront of transforming the way consumers buy and sell cars by providing a unique end-to-end digital shopping and transaction experience.

"They have emerged as the undisputed leader in the used car space in India and early traction in international markets is exceeding expectations. We love backing founders who are bold and ambitious thinkers and couldn't be more excited to enter the second innings of our long-lasting partnership with CARS24," Mehta added.

Munish Varma, managing partner at SoftBank Investment Advisers, said CARS24 is building a data-enabled tech platform that is organising the fragmented used car market in India.

Lenders seek fresh bids for Videocon

"Proceedings with the implementation of the resolution plan is not feasible since the same is not consistent with the observations made by the adjudicating authority (NCLT) and appellate tribunal and considering the totality of the fact emerging in the present case," the SBI petition said.

The SBI's plea is basically in response to a petition filed by dissenting lender, Bank of Maharashtra, which has challenged the NCLT ruling in the NCLAT.

The NCLAT had on July 19 stayed Twin Star Technologies winning bid for Videocon Industries on an appeal filed by dissenting creditors, Bank of Maharashtra and IFCI. Both the lenders were unhappy with the value being realised through the resolution plan.

Prior to it, though the Mumbai bench of the National Company Law Tribunal had on June 8 approved the resolution plan of Twin Star Technologies, it had observed that the firm was "paying almost nothing" as the amount offered is only 4.15% of the total outstanding claim. It had noted that the haircut for all the creditors is 95.85% and suggested to both the committee of creditors and the successful applicant to increase the payout.

The NCLT had also asked the Insolvency and Bankruptcy Board of India to see whether confidentiality was maintained during the corporate insolvency resolution process as Twin Star's bid was very close to the liquidation value, which was meant to be confidential.

যাই কোথায়! জল থই থই মুক্তারামবাবু স্ট্রিট। সোমবার। ছবি: তপন মুখার্জি

জলের তলায় বহু জেলা

আজকালের প্রতিবেদন

রবিবার রাতভর প্রবল বৃষ্টি। সোমবারও বিরাম নেই। আর সেই বৃষ্টিতে জলমগ্ন হয়েছে জেলার বিভিন্ন এলাকা। অনেক ঘর বাড়িতেই ঢুকে গেছে জল। তাই দুর্গতদের সরানো হয়েছে নিরাপদ আশ্রয়ে। হাওড়া, দুই ২৪ পরগনা, হুগলি— সর্বত্র প্রায় একই ছবি। তবে টানা বৃষ্টিতে দুই মেদিনীপুরের বন্যা পরিস্থিতির আরও অবনতি হয়েছে।

হাওড়ার কোথাও হাঁটু জল, আবার কোথাও কোমর জল। অনেক বাড়িতে জল ঢুকে গেছে। অধিকাংশ রাস্তাই জলে ডোবা। পুরনিগমের পক্ষ থেকে যুদ্ধকালীন তৎপরতায় জল নামানোর চেষ্টা চলছে। তবে সোমবার সন্ধে পর্যন্ত পরিস্থিতির সেরকম কোনও উন্নতি হয়নি। বেনারস রোড, দশরথ ঘোষ লেন, মহীনাথ পোড়েল লেন, বিবেকনগর, দাসনগর, বালিটিকুরি, কোনা বাগপাড়া, পিয়ারাবাগান, ভূতবাগান সর্বত্রই জল থইথই অবস্থা। পাশাপাশি টিকিয়াপাড়া, রামরাজাতলা, ডুমুরজলা, পঞ্চাননতলা, দেশপ্রাণ শাসমল রোড, বেলিলিয়াস লেন-সহ মধ্য হাওড়াও কার্যত ভাসছে জলে। জল সরানোর জন্য হাওড়া পুর এলাকায় ২৫টি পাম্প চলছে।

দক্ষিণ ২৪ পরগনার গোসাবা, ক্যানিং ১ ও ২ ব্লক, বজবজ ২, ঠাকুরপুকুর, মহেশতলা ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। এছাড়া বারুইপুর, রাজপুর-সোনারপুর, জয়নগর-মজিলপুর পুরসভার বিভিন্ন এলাকায় জল জমেছে। বাসন্তীর চুনাখালিতে নদীর বাঁধ ভেঙে যাওয়ার কারণে তড়িঘড়ি তা মেরামত করা হয়েছে। জেলাশাসক পি উলগানাথন বলেন, মোট ১১২৫ জন দুর্গত মানুষকে নিরাপদ স্থানে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে। ১৮টি রিলিফ ক্যাম্প খোলা হয়েছে। ২২টি কিচেন চালু করা হয়েছে। ৩৭টি মাটির বাড়ি পুরোপুরি ক্ষতিগ্রস্ত হয়েছে। ২৭২টি বাড়ি আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে। ইতিমধ্যেই ২৪৩৬টি ত্রিপল বিলি করা হয়েছে দুর্গত মানুষদের মধ্যে। পুরো অবস্থার দিকে নজর রাখার জন্য ইতিমধ্যেই কন্ট্রোল রুম খোলা হয়েছে ব্লক ও মহকুমাশাসকের অফিসে।

বৃষ্টির কারণে বন্যার স্থায়িত্বকাল দফায় দফায় বাড়ছে পূর্ব মেদিনীপুরের এগরা, পটাশপুর এবং ভগবানপুরে। নতুন করে ভগবানপুর ১ ও ভগবানপুর ২ ব্লকের বিভিন্ন এলাকা প্লাবিত। পটাশপুর ১ ব্লকের বন্যা পরিস্থিতি অপরিবর্তিত রয়েছে। জল দাঁড়িয়ে থাকায় নৌকা, কলার ভেলায় চেপে মানুষকে যাতায়াত করতে হচ্ছে। পূর্ব মেদিনীপুরের জেলাশাসক পূর্ণেন্দু মাজি বলেন, ‘এখনও পর্যন্ত ৮০০ মেট্রিক টন চাল পাঠানো হয়েছে। পানীয় জল, শুকনো খাবার, ত্রিপল পর্যাপ্ত পাঠানো হয়েছে। ভগবানপুর ও পটাশপুরের চারটি ব্লকের প্রায় ৩ লক্ষের বেশি মানুষ বিপাকে পড়েছেন। জেলার ৩২টি, পাশাপাশি জেলা থেকে আরও প্রায় ৪০টি বোট উদ্ধার কার্য করার জন্য আনা হচ্ছে।’

এদিকে কেলেঘাই নদীবাঁধ ভাঙা জলের তোড় প্রতাপদিঘি খাল উপচে এগরা ২ ব্লকের দেশবন্ধু অঞ্চলের এরেন্দার কাছে ম্যানেজার বাঁধকে তছনছ করে একাধিক এলাকাকে নতুন করে প্লাবিত করেছে। পূর্ণিমা কোটালে জোয়ারের জল রসুলপুর নদী উপকূলবর্তী এলাকা ছাপিয়ে ভাঁইটগড় স্লুইসগেটে জলস্তম্ভ তৈরি করেছে। একই অবস্থা বসিরহাট মহকুমার ১০টি ব্লকে। বৃষ্টিতে জলবন্দি মানুষের জন্য ত্রাণ মজুত রেখেছে মহকুমা, ব্লক ও পুর প্রশাসন। বিভিন্ন এলাকায় ত্রিপল, শুকনো খাবার পাঠানো হয়েছে। জল সরানোর জন্য নিকাশি নালাগুলি থেকে প্লাস্টিক-সহ আবর্জনা সরানোর উদ্যোগ নেওয়া হয়েছে। হিঙ্গলগঞ্জ কৃষি খামার পুরোটাই জলমগ্ন হয়ে পড়েছে। খরিফ ফসলের ব্যাপক ক্ষতির সম্ভাবনা রয়েছে। এদিকে, হুগলির শ্রীরামপুর ধোবি ঘাট সংলগ্ন একটি বহুতল আবাসনের সীমানা পাঁচিল ধসে নেমে গেল গঙ্গায়। ‘গঙ্গাদর্শন’ নামের ওই আবাসনে সাংসদ কল্যাণ ব্যানার্জির ফ্ল্যাট রয়েছে। সেখানেই রয়েছে সাংসদের অফিস। শ্রীরামপুর পুরসভা থেকে হুগলি জেলাশাসককে চিঠি দিয়ে গঙ্গায় ধসের কথা জানানো হয়েছে। অন্যদিকে, বরানগরের বনহুগলি হাই স্কুল সংলগ্ন দোতলা একটি বাড়ি ভেঙে পড়ল। ঘটনাস্থলে যায় দমকলের একটি ইঞ্জিন। যায় পুলিশ ও বিদ্যুৎ দপ্তরের কর্মীরাও। তবে বড় কোনও দুর্ঘটনা ঘটেনি।

তথ্য সূত্র: গৌতম চক্রবর্তী, সোহম সেনগুপ্ত, মিল্টন সেন, প্রিয়দর্শী বন্দ্যোপাধ্যায়, যজ্ঞেশ্বর জানা ও স্বদেশ ভট্টাচার্য

ভাসল বিধাননগর

আজকালের প্রতিবেদন

নাগাড়ে বৃষ্টিতে কার্যত ভাসল নবদিগন্ত শিল্পনগরী ও বিধাননগর পুরনিগমের বিস্তীর্ণ এলাকা। তথ্য-প্রযুক্তি শিল্পতালুকের সব রাস্তাই ছিল জলে থইথই। কোথাও হাঁটু কোথাও কোমর-সমান জল জমে। বিধাননগর পুরনিগম এলাকার বাসিন্দারাও জমা জলে দুর্ভোগে পড়েন। টানা ভারী বৃষ্টিতে একদিকে নিকাশি খালগুলির টইটম্বুর অবস্থা, অন্যদিকে গঙ্গায় জোয়ার— এই দুইয়ের জেরেই বিপত্তি বলে জানা গেছে প্রশাসন সূত্রে। প্রবল বৃষ্টিতে রবিবার সাড়ে ৩টে নাগাদ বাগুইআটির পূর্ব নারায়ণতলায় একটি পুরনো বাড়ির একাংশ ভেঙে পড়ে। আটকে পড়া ৬টি পরিবারের লোকজনকে উদ্ধার করেন পুরকর্মীরা। পরিস্থিতি খতিয়ে দেখতে সোমবার সকাল থেকে বিধাননগর পুরনিগমের প্রশাসকমণ্ডলীর প্রধান কৃষ্ণা চক্রবর্তী বিভিন্ন এলাকায় যান। কথা বলেন বাসিন্দাদের সঙ্গে। ছিলেন প্রশাসকমণ্ডলীর সদস্য দেবরাজ চক্রবর্তী ও পুরনিগমের আধিকারিকেরা।

বৃষ্টিতে পরিস্থিতি সব থেকে খারাপ ছিল তথ্য-প্রযুক্তি শিল্পতালুক নবদিগন্তে। ব্যাপক দুর্ভোগে পড়েন এখানকার বিভিন্ন সংস্থার কর্মীরা ও কাজের সূত্রে আসা মানুষজন। সব রাস্তায় দীর্ঘক্ষণ জল জমে থাকে। জমা জলে ইঞ্জিন বিকল হয়ে রাস্তায় দাঁড়িয়ে পড়ে বহু গাড়ি। গাছ ভেঙে যান চলাচলেও সমস্যা হয় কিছুক্ষণ। নবদিগন্ত সূত্রে খবর, ৪টি পাম্পিং স্টেশন ও ১২টি পাম্প স্টেশন টানা কাজ করলেও জল সরাতে সমস্যা হয়েছে। কারণ নিকাশি খালের টইটম্বুর অবস্থা।

বিধাননগর পুরনিগম এলাকায় রাজারহাট অংশের বিভিন্ন এলাকায় দীর্ঘক্ষণ জল জমে থাকে। হলদিরাম, চিনার পার্ক-সহ ভিআইপি রোডের অনেক জায়গায় ছিল হাঁটু ও কোমর-সমান জল। জল জমেছিল জোড়া মন্দির, জ্যাংড়া, কেষ্টপুর, বাগুইআটির বিভিন্ন এলাকায়। জমা জল দেখতে এদিন রাজারহাটে ৬, ৭, ৮, ১০, ১২, ১৭, ১৮, ১৯, ২০ ও ২২ নম্বর ওয়ার্ডে যান প্রশাসকমণ্ডলীর প্রধান কৃষ্ণা চক্রবর্তী। ক্ষতিগ্রস্ত বাসিন্দাদের থাকা-খাওয়ার ব্যবস্থা করা হয়। পূর্ব নারায়ণতলার বাসিন্দারা জানান, বাগুইআটির ভেঙে-পড়া ওই বাড়িটি প্রায় ৪৮ বছরের পুরনো। প্রচুর টাকা ঋণ নিয়ে বাড়ি করেছিলেন মালিক। ঋণ শোধ করতে পারেননি। ৩৫ বছর ধরে তাঁর খোঁজ নেই। ভাড়াটেদেরও আর্থিক সামর্থ্য নেই বাড়ি সংস্কারের। রবিবার রাতে কমন প্যাসেজের ছাদ ভেঙে পড়ে। চাঙরের তলায় চাপা পড়ে দুটি বাইকও।

সল্টলেকে করুণাময়ী, পূর্বাচল, দত্তাবাদ, নয়াপট্টি এলাকায় ব্যাপক জল জমেছিল। করুণাময়ী থেকে নবদিগন্ত ও পূর্ত ভবনের দিকে যাওয়ার রাস্তা, জিডি ব্লক, হোমিওপ্যাথি হাসপাতালের রাস্তা, করুণাময়ী থেকে বিধাননগর মিউনিসিপ্যাল স্কুলে যাওয়ার রাস্তা-সহ বহু ব্লক ও আবাসনের রাস্তায় জল দাঁড়িয়েছিল। বিধাননগর পুরনিগমের প্রশাসকমণ্ডলীর প্রধান কৃষ্ণা চক্রবর্তী বলেন, ‘নিম্নচাপের পাশাপাশি ভরা কোটাল, তাই সমস্যা হয়েছে। পুরনিগম এলাকায় ৫টি নিকাশি খাল আছে। খালগুলির টইটম্বুর অবস্থার জন্য জমা জল সরতে সময় লেগেছে। কোথাও আবার খাল উপচে ভেসেছে লাগোয়া এলাকা। ১২৩টি পাম্প চালিয়েও জমা জল সরাতে দেরি হয়েছে। খাল থেকে জল ব্যাক ফ্লো করেছে।

বৃষ্টির জলে থইথই লেকগার্ডেন্স। এলাকা পরিদর্শনে সাংসদ সৌগত রায়। সোমবার। ছবি: আজকাল

বিঘ্নিত রেল চলাচল

আজকালের প্রতিবেদন

প্রবল বৃষ্টিতে মঙ্গলবার দিনভর কলকাতা ও হাওড়ায় রেল চলাচল বিপর্যস্ত হয়ে পড়ে। কলকাতা (চিৎপুর) স্টেশনে রেল লাইনের ওপর ১৪ ইঞ্চি জল জমে বলে রেল সূত্রে খবর। চক্ররেল পরিষেবাও বন্ধ রাখতে হয় পূর্ব রেলকে। কলকাতা স্টেশন থেকেও ট্রেন চলাচল বিঘ্নিত হয়। হাওড়া সেকশনে টিকিয়াপাড়া কারশেড ছিল জলের তলায়। দক্ষিণ-পূর্ব রেল চারটি দূরপাল্লার ট্রেনকে সাঁতরাগাছিতেই থামিয়ে দেয়। মেট্রো চলাচল ছিল স্বাভাবিক। কলকাতা স্টেশন থেকে ডিব্রুগড়, রাধিকাপুর-সহ একাধিক ট্রেন এদিন বাতিল করা হয়। কলকাতার বদলে শিয়ালদা থেকে যাতায়াত করে। মঙ্গলবারও বাতিল হাজারদুয়ারি এক্সপ্রেস।

ভাঙড়ে মিমি

গৌতম চক্রবর্তী

লোকসভা নির্বাচনের সময় ভাঙড়ের মানুষকে তিনি বলেছিলেন তিনি তাঁদের ঘরের মেয়ে। আর সোমবার জলমগ্ন ভাঙড়ের মানুষের পাশে দাঁড়াতে ছুটে এলেন যাদবপুরের তারকা সাংসদ মিমি চক্রবর্তী। তাঁকে দেখা গেল জুতো হাতে নিয়ে এবং কাদায় নেমে বৃষ্টিতে বিপর্যস্ত ভাঙড় পরিদর্শন করতে এবং মানুষের পাশে দাঁড়াতে। বৃষ্টিতে জেরবার ভাঙড়ের মানুষ এমন বিপদের দিনে এভাবে তারকা সাংসদকে কাছে পাবেন ভাবতে পারেননি। তাঁকে কাছে পেয়ে শত কষ্টের মাঝেও তাঁরা আপ্লুত। রবিবার রাত থেকে অবিরাম বৃষ্টির জেরে দক্ষিণ ২৪ পরগনার অন্যান্য জায়গার মতোই জলে ভাসছে ভাঙড়ের বিভিন্ন এলাকা। সোমবার বিকেলে বৃষ্টি কিছুটা কমতেই জলবন্দি এলাকা পরিদর্শনে আসেন যাদবপুরের সাংসদ মিমি চক্রবর্তী। স্থানীয়দের সঙ্গে কথা বলতে জুতো হাতে নিয়েই কাদার ওপর হাঁটতে দেখা যায় তাঁকে। ভাঙড়ের বেশ কয়েকটি এলাকা পরিদর্শনের পাশাপাশি নিকাশি ব্যবস্থা কীভাবে উন্নত করা যায়, তা নিয়ে দলীয় নেতা-কর্মীদের সঙ্গে কথা বলেন। ভাঙড়ে দ্রুত স্থায়ী ড্রেন তৈরির আশ্বাসও দেন মিমি। এদিন প্রথমে ভাঙড়ের জলমগ্ন ভোজেরহাট এলাকায় আসেন সাংসদ। সেখানকার পরিস্থিতি খতিয়ে দেখার পর প্রায় শতাধিক মানুষ ও শিশুদের হাতে শুকনো খাবার এবং ত্রিপল তুলে দেন। পরে ভাঙড়-১ ব্লক তৃণমূল সভাপতি কাইজার আহমেদ এবং সংখ্যালঘু সেলের সভাপতি অহেদালি শেখকে সঙ্গে নিয়ে মিমি যান প্রাণগঞ্জ পঞ্চায়েতের মরিচা গ্রামে। সেখান থেকে ব্যাওতা, চড়িশ্বর ও পাইকান এলাকা পরিদর্শনে যান। মিমি বলেন, ‘জলবন্দিদের খবর পেয়েই কিছু শুকনো খাবার ও কিছু ত্রিপল নিয়ে ছুটে এসেছি। আগামী দিনে স্থায়ী ড্রেন তৈরির পরিকল্পনা রয়েছে।’

শুকনো খাবার দিচ্ছেন সাংসদ মিমি চক্রবর্তী। ভাঙড়ে। সোমবার। ছবি: প্রতিবেদক

বিজ্ঞপ্তি

লক্ষ্য রাখবেন যে, বেঙ্গল ইউনিটেক ইউনিভার্সাল দ্বারা ইস্যু করা আমার মক্কেল কুলপ্রীত সিং ও হিনা মানদীপ সিংয়ের অনুকূলে যা ফ্ল্যাট নং ০৫-০৭-০৭০৩, মাপ ২০৯২ বর্গফুট, ইউনিওয়ার্ল্ড সিটি হরাইজনস, নিউ টাউন, এএ-III, জেলা- উত্তর ২৪ পরগনা, কলকাতা-৭০০ ১৬০ সাপেক্ষে মূল অ্যালটমেন্ট পত্র তারিখ ২২.১১.২০২১, রেকা: UL : RED : ERUH/000160/08378 আমার মক্কেলদের জিম্মা থেকে হারিয়ে গিয়েছে ও এই মর্মে টেকনো সিটি থানায় ০৭.০৯.২০২১-এ জিডিই নং ২৯৪/২১ মারফত জেনারেল ডায়েরি করা হয়েছে। কেউ এই মূল দলিলটি পেলে নিম্নস্বাক্ষরকারীর কাছে ১০ দিনের মধ্যে জমা করবেন বা আপত্তি, দাবি থাকলে তা জানাবেন। পরে আর কোনও দাবি, আপত্তি বিবেচিত হবে না।

স্থান: কলকাতা — সর্বজিৎ দত্ত
তারিখ: ২০.০৯.২০২১ — অ্যাডভোকেট
বারাসাত ডিস্ট্রিক্ট, জাজেস কোর্ট

ফর্ম নং: আইএনসি-২৬
[কোম্পানিজ (ইনকর্পোরেশন) রুলস, ২০১৪-এর রুল ৩০ অনুযায়ী]
এক রাজ্য থেকে অন্য রাজ্যে কোম্পানির রেজিস্টার্ড অফিসের স্থানান্তরের জন্য সংবাদপত্রে বিজ্ঞাপন।
কেন্দ্রীয় সরকার, রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিয়ন, কলকাতা, পশ্চিমবঙ্গ সমীপে।
কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর ১৩ (৪) ধারা এবং কোম্পানিজ (ইনকর্পোরেশন) রুলস, ২০১৪-এর রুল ৩০-এর সাব রুল (৫)-এর ক্লজ (এ) এবং বিষয়ক
ও
বিষয়: **মহাবত হোল্ডিংস প্রাইভেট লিমিটেড, (CIN: U67120WB1992PTC056019),** কোম্পানিজ অ্যাক্ট, ১৯৫৬-এর অধীনে সমিতিবদ্ধ একটি কোম্পানি, যার রেজিস্টার্ড অফিস: একতলার পূর্বে অর্ধেক, প্রেমাইস নং পি ৩১৭, সি আই টি, স্কিম VIM, কাঁকুরগাছি, কলকাতা, পশ্চিমবঙ্গ ৭০০ ০৫৪, ভারত।
..... **আবেদনকারী**
এতদ্দ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে, সেমবার, ০৬ সেপ্টেম্বর, ২০২১ তারিখে অনুষ্ঠিত উক্ত আবেদনকারী কোম্পানির বিশেষ সাধারণ সভায় গৃহীত একটি বিশেষ সিদ্ধান্ত অনুযায়ী কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর ১৩ ধারাধীনে **‘পশ্চিমবঙ্গ রাজ্য’** থেকে **‘দিল্লীর এন সি টি’**তে এই কোম্পানির রেজিস্টার্ড অফিস স্থানান্তরের উদ্দেশ্যে এই কোম্পানির সঙ্ঘস্মারকের পরিবর্তনের বিষয়টি নিশ্চিত করার জন্য আবেদনকারী কোম্পানির তরফে কেন্দ্রীয় সরকারের রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিয়ন, কলকাতার কাছে একটি আর্জি পেশ করার প্রস্তাব আনা হয়েছে।
এই কোম্পানির রেজিস্টার্ড অফিসের প্রস্তাবিত উক্ত স্থানান্তরে কারও স্বার্থ ক্ষুণ্ণ হলে বা ক্ষুণ্ণ হওয়ার সম্ভাবনা আছে বলে মনে করলে তিনি/তাঁরা এমসিএ-২১ পোর্টাল (www.mca.gov.in)-তে ইনভেস্টর কমপ্লেন ফর্ম দাখিল করে কিংবা এই বিজ্ঞপ্তি সংবাদপত্রে প্রকাশিত হওয়ার তারিখ থেকে চোদ্দ দিনের মধ্যে রিজিওনাল ডিরেক্টর, **ইস্টার্ন রিজিয়ন, নিজাম প্যালেস, ২য় এমএসও বিল্ডিং, চতুর্থ তল, ২৩এ/৪, এ জে সি বোস রোড, কলকাতা**- ৭০০ ০২০-এর কাছে তাঁর (পুং/ স্ত্রী) স্বার্থের ধরন ও বিরোধিতার কারণ উল্লেখ করে লিখিতভাবে জানান বা রেজিস্টার্ড ডাকে পাঠান এবং এর সঙ্গে একটি হলফনামা দ্বারা বক্তব্য সমর্থিত হওয়া আবশ্যক এবং এর একটি কপি অবশ্যই আবেদনকারী এই কোম্পানির উক্ত রেজিস্টার্ড অফিসের ঠিকানায় পেশ করতে হবে:
একতলার পূর্বে অর্ধেক, প্রেমাইস নং পি ৩১৭, সি আই টি, স্কিম VIM, কাঁকুরগাছি, কলকাতা, পশ্চিমবঙ্গ ৭০০ ০৫৪, ভারত। ।
মহাবত হোল্ডিংস প্রাইভেট লিমিটেড-এর জন্য ও তরফে
স্বাঃ/-
মুরারী লাল শর্মা
তারিখ: ২০.০৯.২০২১ — ডিরেক্টর
স্থান: কলকাতা — [DIN: 06897143]

RP-Sanjiv Goenka Group
Growing Legacies

sa re ga ma
soul of India

সারেগামা ইন্ডিয়া লিমিটেড

সিআইএন: L22213WB1946PLC014346
রেজিস্টার্ড অফিস: ৩৩, যশোর রোড, দমদম, কলকাতা-৭০০০২৮
ফোন: ০৩৩-২৫৫১ ২৯৮৪/৪৭৭৩; ই-মেল: co.sec@saregama.com; ওয়েবসাইট: www.saregama.com

ব্যতিক্রমী সাধারণ সভার (ইজিএম) বিজ্ঞপ্তি

১. এতদ্দ্বারা এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, মিনিস্ট্রি অফ কর্পোরেট অ্যাফেয়ার্স দ্বারা জারিকৃত যথাক্রমে ৮ এপ্রিল ২০২০, ১৩ এপ্রিল ২০২০, ১৫ জুন ২০২০, ২৮ সেপ্টেম্বর ২০২০, ৩১ ডিসেম্বর ২০২০ ও ২৩ জুন ২০২১ তারিখ সংবলিত জেনারেল সার্কুলার নং ১৪/২০২০, ১৭/২০২০, ২২/২০২০, ৩৩/২০২০, ৩৯/২০২০ ও ১০/২০২১ (‘এমসিএ সার্কুলারসমূহ’) এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়ার তরফে জারিকৃত ১৫ জানুয়ারি ২০২১ তারিখের সার্কুলার নং সেবি/এইচও/সিএফডি/সিএমডি২/সিআইআর/পি/২০২১/১১ দ্বারা সংশোধিত ১২ মে ২০২০ তারিখের সার্কুলার নং সেবি/এইচও/সিএফডি/সিএমডি১/সিআইআর/পি/২০২০/৭৯ (‘সেবি সার্কুলারসমূহ’) সহ পঠনীয় কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ ও এর অধীনে রচিত রুলসমূহ এবং সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর প্রযোজ্য সংস্থানসমূহ মোতাবেক প্রয়োজনানুসারে প্রযোজ্য আইন অনুযায়ী ও যথাযথ মঞ্জুরি, অনুমোদন ও অনুমতি সহ প্রাইভেট প্লেসমেন্ট বা প্রেফারেনশিয়াল ইস্যু বা পাবলিক ইস্যু বা অন্য কোনও অনুমোদনযোগ্য উপায় এবং/বা এগুলির সম্মিলিত কোনও উপায়ে (যার মধ্যে যোগ্য প্রাতিষ্ঠানিক প্লেসমেন্টও অন্তর্ভুক্ত) আরও সিকিউরিটি ইস্যুর মাধ্যমে সর্বমোট ৭৫০ কোটি টাকা (এর থেকে বেশি নয়) অর্থমূল্যের তহবিল জোগাড় বিবেচনা ও অনুমোদনের জন্য কোম্পানির সদস্যদের ব্যতিক্রমী সাধারণ সভা **মঙ্গলবার, ১৯ অক্টোবর, ২০২১ তারিখে সকাল ১১.০০টায়** (ভারতীয় প্রমাণ সময়) ইজিএমের স্থানে সদস্যদের শারীরিক উপস্থিতি ছাড়াই ভিডিও কনফারেন্স (‘ভিসি’)/ অন্য অডিও ভিস্যুয়াল পদ্ধতিতে (‘ওএভিএম’) আয়োজিত হবে বলে স্থির হয়েছে।

২. উপরোক্ত সার্কুলারগুলি অনুযায়ী যে সকল সদস্যের ই-মেল আইডি কোম্পানি বা কোম্পানির রেজিস্ট্রার ও শেয়ার ট্রান্সফার এজেন্স অর্থাৎ, এমসিএস শেয়ার ট্রান্সফার এজেন্ট লিমিটেড (‘আরটিএ’) বা তাঁদের নিজ নিজ ডিপোজিটরি পার্টিসিপ্যান্টের (‘ডিপোজিটরি’) কাছে নিবন্ধীকৃত রয়েছে, এই ইজিএম বিজ্ঞপ্তির ইলেকট্রনিক প্রতিলিপি কেবলমাত্র ই-মেলের মাধ্যমে তাঁদের প্রতি পাঠিয়ে দেওয়া হবে। এমসিএ সার্কুলারসমূহ এবং সেবি সার্কুলারসমূহ অনুযায়ী সদস্যরা কেবলমাত্র ভিসি/ওএভিএম-এর মাধ্যমেই এই ইজিএমে যোগ দিতে এবং অংশ নিতে পারবেন। ইজিএমে যোগদানের নির্দেশাবলি এবং রিমোট ইলেকট্রনিক ভোটিং সিস্টেমের মাধ্যমে অংশগ্রহণের উপায় বা ইজিএম চলাকালীন ই-ভোটিং সিস্টেমের মাধ্যমে ভোটদানের উপায় সম্পর্কিত বিশদ তথ্য ইজিএমের বিজ্ঞপ্তি উল্লেখ করা থাকবে। কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর ১০৩ নং ধারাধীনে সভার কোরাম নির্ধারণে ভিসি/ওএভিএম সুবিধার মাধ্যমে অংশগ্রহণকারী সদস্যদের বিবেচনা করা হবে। ইজিএমের এই বিজ্ঞপ্তিটি কোম্পানির ওয়েবসাইট **www.saregama.com** সহ স্টক এক্সচেঞ্জগুলির ওয়েবসাইট অর্থাৎ, বিএসই লিমিটেড (বিএসই)-এর **www.bseindia.com** ও ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড (এনএসই)-এর **www.nseindia.com** এবং উক্ত রিমোট ইলেকট্রনিক ভোটিংয়ের সুবিধা প্রদানকারী এজেন্সি ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড (‘এনএসডিএল’)-এর **www.evoting.nsdl.com** ওয়েবসাইটেও দেওয়া থাকবে।

৩. **ই-মেল আইডি রেজিস্টার/ আপডেটের উপায়:**

- **ফিজিক্যাল ফর্মে শেয়ার ধরে রাখা** যে সকল শেয়ারধারক এখনও কোম্পানি/ কোম্পানির আরটিএ-র কাছে নিজের ই-মেল আইডি রেজিস্টার করাননি, তাঁদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে যাতে তাঁরা ভিসি/ওএভিএমের মাধ্যমে ইজিএমে যোগ দেওয়ার জন্য প্রয়োজনীয় লগ-ইন ক্রেডেনশিয়ালস পেতে, রিমোট ই-ভোটিং সিস্টেম বা ই-ভোটিং সিস্টেমের মাধ্যমে নিজেদের ভোট দিতে এবং ইজিএমের বিজ্ঞপ্তি পেতে সত্বর কোম্পানির আরটিএ-র কাছে **mcssta@rediffmail.com** বা কোম্পানির কাছে **co.sec@saregama.com** আইডি-তে নিম্নলিখিত নথিগুলির প্রতিলিপি ই-মেলের মাধ্যমে পাঠিয়ে তা রেজিস্টার করিয়ে নেন:
  ক) সদস্যের নাম, ফোলিও নম্বর ও সম্পূর্ণ ঠিকানা উল্লেখ করা একটি স্ব-স্বাক্ষরিত অনুরোধজ্ঞাপক চিঠি;
  খ) প্যান কার্ডের স্ব-স্বাক্ষরিত স্ক্যান করানো প্রতিলিপি; এবং
  গ) কোম্পানিতে নিবন্ধীকৃত ঠিকানার প্রমাণ হিসেবে সদস্যের যে কোনও একটি নথির (যেমন- আধার কার্ড, ড্রাইভিং লাইসেন্স, ভোটার আইডেন্টিটি কার্ড, পাসপোর্ট) স্ব-স্বাক্ষরিত স্ক্যান করানো প্রতিলিপি।
- **ডিমেটিরিয়ালাইজড ফর্মে শেয়ার ধরে রাখা** সদস্যদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে যাতে তাঁরা নিজ নিজ ডিপোজিটরি পার্টিসিপ্যান্টের কাছে নিজের ই-মেল আইডি আপডেট করিয়ে নেন।

উপরিলিখিত তথ্যগুলি কোম্পানির সকল সদস্যের অবগতির জন্য এবং সুবিধার্থে জারি করা হল যা এমসিএ সার্কুলারসমূহ ও সেবি সার্কুলারসমূহ অনুসারী।

বোর্ডের আদেশানুসারে
বিক্রম মেহরা
ম্যানেজিং ডিরেক্টর
DIN: 03556680

তারিখ: ২০ সেপ্টেম্বর, ২০২১
স্থান: মুম্বই

যুনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া | **Union Bank of India**
ভারত সরকার কা উপক্রম | A Government of India Undertaking
আন্ধ্রা Andhra | কার্পোরেশন Corporation

আঞ্চলিক কার্যালয়, হাওড়া
২৬৩, জি টি রোড (দক্ষিণ), দ্বিতীয় তল, কাজিপাড়া মোড়ের কাছে, শিবপুর, হাওড়া-৭১১১০২। **www.unionbankofindia.co.in**

বিশাল ই-নিলাম
স্থাবর সম্পত্তিসমূহ বিক্রির জন্য (সারফায়েসি আইনের অধীনে)

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর বিধি ৮(৬)-এর সংস্থানসমূহ সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা জনসাধারণের পাশাপাশি বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) এবং জামিনদার(গণ)-এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে সুরক্ষিত ঋণদাতা রূপে ইউনিয়ন ব্যাঙ্ক-এর কাছে বন্ধক রাখা/ দাখিলযোগ্য এবং সুরক্ষিত ঋণদাতা রূপে ইউনিয়ন ব্যাঙ্ক-এর নিম্নলিখিত শাখাগুলির অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/বাস্তবিক দখল নেওয়া নিম্নোক্ত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর থেকে সুরক্ষিত ঋণদাতা রূপে ইউনিয়ন ব্যাঙ্কের পাওনা পুনরুদ্ধারের জন্য **‘যেখানে আছে সেখানে’, ‘যা কিছু আছে তা’** এবং **‘যেমন আছে তেমন’** ভিত্তিতে ২২.১০.২০২১ তারিখে বিক্রি করা হবে।
উক্ত সুরক্ষিত সম্পত্তিগুলির নির্ধারিত সংরক্ষণ মূল্য এবং ইএমডি সুরক্ষিত সম্পত্তির পাশে উল্লেখ করা হয়েছে। এই বিক্রি নির্ধারিত ওয়েব পোর্টালে দেওয়া ই-নিলাম প্ল্যাটফর্মের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারী দ্বারা বিক্রি করা হবে। বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **https://ibapi.in** এবং **www.unionbankofindia.co.in** ওয়েবসাইটে দেওয়া লিঙ্ক দেখুন। নিম্নবর্ণিত সম্পত্তিগুলি **https://ibapi.in** এবং এমএসটিসি-র ই-কমার্স ওয়েবসাইট **https://www.mstcecommerce.com** এর মাধ্যমে ‘অনলাইন ই-নিলাম’ উপায়ে বিক্রি করা হবে।

নিলামের তারিখ ও সময়: ২২.১০.২০২১, সকাল ১১টা থেকে বিকেল ৪টা। ডাক/ইএমডি জমার শেষ তারিখ ও সময়: ২১.১০.২০২১, বিকেল ৪টা ইএমডি জমার উপায়: ডাকদাতারা নিজের এমএসটিসি ওয়ালেটে ইএমডি অর্থাৎ জমা দেবেন	
শাখার নাম, ঠিকানা ও যোগাযোগের নম্বর	আরামবাগ শাখা, আরামবাগ মহকুমা হাসপাতালের বিপরীতে, ব্লকপাড়া, আরামবাগ, জেলা- হুগলি, পিন-৭১২৬০১, মোবাইল: ৯৫৪৬৫২২৬০৭
ঋণগ্রহীতা/ জামিনদার/ বন্ধকদাতার নাম	শ্রীমতী শীলা মান্না। সহ-ঋণগ্রহীতাগণ: শ্রী বাণেশ্বর মান্না, শ্রী শুভঙ্কর মান্না, শ্রী প্রিয়ঙ্কর মান্না
বকেয়া অর্থাঙ্ক	৩১.০৩.২০২১ তারিখের ভিত্তিতে ₹২২,১৭,৩২৩.৬৫ + সুদ ও মাসুল
সংরক্ষণ মূল্য	₹৫৫,৫৭,০০০.০০
বায়না অর্থাঙ্ক (ইএমডি)	₹৫,৫৫,৭০০.০০
সম্পত্তির বিবরণ	
উপরিস্থিত আবাসিক বাড়ি (বর্তমানে জি+১ তলবিশিষ্ট আব